


## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ২৪ এপ্রিল ২০১৮

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী নিরাপত্তা ও সুরক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নির্মিত হচ্ছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (IAEA) নির্দেশনা ও পরামর্শে এবং রাশান ফেডারেশনের সার্বিক সহযোগিতায় এ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে সবসময়ই নিরাপত্তা ইস্যুকে প্রথমেই বিবেচনায় আনা হয়েছে। পাশাপাশি ভারতের অভিজ্ঞতা ও দক্ষতাকে কাজে লাগানোর জন্য চুক্তি হয়েছে। আজ ঢাকার আগারগাঁওস্থ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ(বায়েরা) এর মিলনায়তনে “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রিলিমিনারি সেফটি অ্যানালাইসিস” শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। বায়েরা ও আইএইএ যৌথভাবে ৩ দিনব্যাপী এ ওয়ার্কশপের আয়োজন করেছে। মন্ত্রী আরও বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদেশের মানুষের কল্যাণ ও নিরাপত্তাকে সবার আগে বিবেচনায় নেন। সেজন্য রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তার সবকটি দিক বিবেচনায় নিয়ে কাজ করা হচ্ছে।

বায়েরার সদস্য ডাঃ সাহানা আফরোজ এর সঞ্চালনায় এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান মাহবুবুল হক, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার সিনিয়র নিউক্লিয়ার সেফটি অফিসার আবদুল্লাহ আমরি এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর।



(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)

তথ্য অফিসার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিঃ), ০১৬৭২৮৯৭৭৮৯